শেখ হাসিনার দিনবদলে,
সমাজসেবা এগিয়ে চলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
website: www.dss.gov.bd

স্মারক - ৪১.০১.০০০০.০২০.২৩.০০৪.১৮. ৬২৩ তারিখ : ০৯ পৌষ ১৪২৫ / ২৩ ডিসেম্বর ২০১৮

বিষয়:-প্রতিবন্ধিতা ও অটিজম বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো চালু হতে যাওয়া Advanced Course on Disability, Autism and Inclusive Education শীর্ষক প্রোগ্রামে সহযোগিতা ও প্রথম ব্যাচে ভর্তির জন্য প্রকাশিত বিজ্ঞপ্তি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিবন্ধিতা ও অটিজম বিষয়ে প্রথমবারের মতো Advanced Course on Disability, Autism and Inclusive Education শীর্ষক প্রোগ্রাম চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই ব্যতিক্রমধর্মী কোর্সটি সফল করার জন্য সংযুক্ত ভর্তি বিজ্ঞপ্তিটি আপনার অবস্থান থেকে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জুলিয়েট বেগম)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ৯১২৬৬৯২
ই-মেইল : director-admin@dss.gov.bd

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,
(সকল) ......................................

বিতরণ :
সদয় জ্ঞাতার্থ ও কার্যার্থ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
০২। পরিচালক (সকল), বিভাগীয় সমাজসেবা কার্যালয় ---------------------------------------- ।

বিশেষ শিক্ষা বিভাগ
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৯৬৬১৯২০-৭৩/৮২০০

(2)

**Department of Special Education**
**Institute of Education and Research (IER)**
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Fax: +880-2-9667222
info.iersped@du.ac.bd

স্মারক নং : বিশি/এসিডিঅইএ/প্র/২০/২০১৮

তারিখ : ডিসেম্বর ০৬, ২০১৮ খ্রিস্টাব্দ
অগ্রহায়ণ ২২, ১৪২৫ বঙ্গাব্দ

শ্রদ্ধেয় গাজী মোহাম্মদ নূরুল কবির
মহাপরিচালক
সমাজসেবা অধিদফতর

বিষয়: **প্রতিবন্ধিতা ও অটিজম বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো চালু হতে যাওয়া Advanced Course on Disability, Autism and Inclusive Education শীর্ষক প্রোগ্রামে সহযোগিতা ও প্রথম ব্যাচে ভর্তির জন্য প্রকাশিত বিজ্ঞপ্তি প্রসঙ্গ**

প্রিয় মহোদয়,

বিশেষ শিক্ষা বিভাগ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সশ্রদ্ধ সালাম ও শুভেচ্ছা গ্রহণ করবেন।

আপনি নিশ্চয়ই অবগত রয়েছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের *শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)* এর অধীনে *বিশেষ শিক্ষা বিভাগ* হচ্ছে বাংলাদেশে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার প্রতিষ্ঠায় মানব সম্পদ উন্নয়নে প্রথম সারির শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা বিষয়ক উচ্চ-শিক্ষা প্রতিষ্ঠান। ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই এই বিভাগ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রতিবন্ধিতা বিষয়ে জ্ঞানীয় উন্নয়ন, গবেষণা ও শিক্ষার প্রসারে বিশেষ অবদান রেখে চলছে।

আপনি জেনে আনন্দিত হবেন, এই বছর অত্র বিভাগের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বারের মতো চালু হতে যাচ্ছে "এডভান্স কোর্স অন ডিসএ্যাবিলিটি, অটিজম এন্ড ইনক্লুসিভ এডুকেশন", যা ২০১৮ সালের জুন মাসে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে *সিনেট চেয়ারম্যান* মাননীয় উপাচার্য *অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান* তাঁর লিখিত বক্তব্যে এই কোর্স চালুর উদ্যোগকে বিশ্ববিদ্যালয়ের জন্য বছরের অন্যতম অর্জন হিসেবে চিহ্নিত করেছেন। অতএব এই ব্যতিক্রমধর্মী কোর্সটি সফল করার জন্য সকলের সহযোগিতা প্রয়োজন, কেননা সম্মিলিত উদ্যোগ ব্যতিরেকে বাংলাদেশে পিছিয়ে পড়া প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার প্রতিষ্ঠা সম্ভবপর হবে না। অন্যদিকে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে গৃহীত যে কোন কর্মকান্ডে বিশেষজ্ঞ সেবা ও প্রত্যাশিত সহায়তার প্রয়োজনে বিশেষ শিক্ষা বিভাগ সর্বদা আপনাদের পাশে থাকবে।

বাংলাদেশে প্রতিবন্ধিতা বিষয়ে বিদ্যমান জ্ঞান ও চর্চা (Knowledge and Practice) এর মধ্যকার দূরত্ব (Gap) নিরসনে মানবসম্পদ উন্নয়ন এবং বিদ্যমান ভ্রান্ত ধারণা দূরীভূতকরার উদ্দেশ্য বিষেয়ে উল্লেখিত *Advanced Course on Disability, Autism and Inclusive Education* কোর্সের প্রথম ব্যাচে শিক্ষার্থী ভর্তির জন্য ভর্তি বিজ্ঞপ্তি গত ২৪ নভেম্বর ২০১৮ তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং ২৬ নভেম্বর ২০১৮ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত হয়। আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিজ্ঞপ্তির একটি অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

**অতএব এই কোর্সের সফলতার জন্য আপনার ইতিবাচক পরামর্শ এবং সংযুক্ত ভর্তি বিজ্ঞপ্তিটি আপনার অবস্থান থেকে প্রচারের ব্যবস্থাগ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।** প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে আপনার সহযোগিতায় বিশেষ শিক্ষা বিভাগ আন্তরিক।

ধন্যবাদসহ
আপনার বিশ্বস্ত

**মুহাম্মদ মাহবুবুর রহমান, পিএইচডি (নিউজিল্যান্ড)**
চেয়ারম্যান ও কোর্স কো-অর্ডিনেটর
বিশেষ শিক্ষা বিভাগ
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়

বি:দ্র: কোর্স সংক্রান্ত যে কোন তথ্যের জন্য
ইমেইল-info.iersped@du.ac.bd.
মোবাইল : ০১৭৪৯৬৮৯১৯৯, ০১৭১৫৪০২৩৬৭

**সংযুক্তি: প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি ও সম্ভাব্য কোর্স ক্যালেন্ডার**

বিশেষ শিক্ষা বিভাগ
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৯৬৬১৯২০-৭৩/৮২০০

**Department of Special Education**
**Institute of Education and Research (IER**
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Fax: +880-2-9667222
info.iersped@du.ac.bd


সংযুক্তি- ১ম ব্যাচের ভর্তি বিজ্ঞপ্তি

**বিশেষ শিক্ষা বিভাগ**
**শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট**
**ঢাকা বিশ্ববিদ্যালয়**

# ভর্তি বিজ্ঞপ্তি

## Advanced Course on Disability, Autism and Inclusive Education

- কোর্সের বৈশিষ্ট্য: প্রতিবন্ধিতা ও অটিজম বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ বিশেষজ্ঞ শিক্ষকদের তত্ত্বাবধানে হাতে কলমে প্রশিক্ষণ; প্রতিবন্ধিতা বিষয়ক প্রতিষ্ঠান ও বিদ্যালয়ে ফিল্ড ভিজিট;
- কোর্সের মেয়াদকাল: ৮ সপ্তাহ (৬০ ঘন্টা, ৪০টি ক্লাস)
- ক্লাসের সময়সূচি: বিকাল ৪:০০ - রাত ৯:০০ মিঃ (শুক্রবার)
  বিকাল ৫:৩০ - রাত ৯:০০ মিঃ (শনিবার)
- শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম স্নাতক (তবে প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশায় কর্মরত বা অভিজ্ঞতার থাকলে যোগ্যতা শিথিল যোগ্য)
- কোর্স ফি: টাঃ ১৫,০০০/-
- সীমিত আসনে আগে আসলে আগে ভিত্তিতে ভর্তি করা হবে।
- ২৭/১১/২০১৮ তারিখ হতে ০৬/০১/২০১৯ তারিখ পর্যন্ত ভর্তি চলবে।
- আগ্রহী প্রার্থীদের ভর্তির নির্ধারিত ফরমের সাথে সম্প্রতি তোলা এক কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি, স্নাতক সার্টিফিকেট/নম্বরপত্রের ফটোকপি ও ব্যাংকে [সোনালী ব্যাংক, ঢাবি ক্যাম্পাস শাখার হিসাব ' এডভান্স কোর্স অন ডিসএ্যাবিলিটি আইইআর ঢাবি, নং ৪৪০৫৭০৩০০০০৭৯] কোর্স ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।
- এই ভর্তির বিজ্ঞপ্তিটি আইইআরের নোটিশবোর্ড এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে। যে কোন তথ্যের জন্য বিশেষ শিক্ষা বিভাগের সাথে **info.iersped@du.ac.bd** ইমেইলে অথবা আইইআর-এর প্রশাসনিক কর্মকর্তা মোবাইল নং ০১৭১৫৪০২৩৬৭, অথবা কোর্স সমন্বয়কের ০১৮৭১২৫১৪৭১ নম্বরে যোগাযোগ করা যাবে।
- ওরিয়েন্টশন ও কোর্স শুরু : ১১/০১/২০১৯, শুক্রবার, বিকেল ৩.০০ ঘটিকা
- ভর্তির ক্ষত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

চেয়ারম্যান ও কোর্স কোঅর্ডিনেটর
বিশেষ শিক্ষা বিভাগ
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি প্রকাশ:

১. দৈনিক বাংলাদেশ প্রতিদিন, ২৪ নভেম্বর ২০১৮ তারিখ শনিবার সংখ্যায় পৃষ্ঠা-৭; এবং
২. দৈনিক ইত্তেফাক, ২৬ নভেম্বর ২০১৮ তারিখ সোমবার সংখ্যায় পৃষ্ঠা-৪

| কোর্স ক্যালেন্ডার | | বিশেষ দ্রষ্টব্য |
|---|---|---|
| ব্যাচ-১/১৯ (১ম ব্যাচ) | জানুয়ারি ১১, ২০১৯, শুক্রবার | * ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ ফ্যাকাল্টি মেম্বারদের সরাসরি তত্ত্বাবধানে প্রতিবন্ধিতা বিষয়ে হাতে-কলমে জ্ঞান ও দক্ষতা অর্জনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো পেশাজীবী, পিতামাতা ও বিশেষ শিক্ষকসহ আগ্রহী ব্যক্তিবর্গের জন্য সৃষ্ট সুযোগ<br>*আসন সংখ্যা সীমিত বিধায়, অনেকের অনুরোধে আগ্রহী যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের জন্য পরবর্তী ব্যাচসমূহে অগ্রীম ভর্তির বিশেষ ব্যবস্থা |
| ব্যাচ-২/১৯ (২য় ব্যাচ) | এপ্রিল ০৫, ২০১৯, শুক্রবার | |
| ব্যাচ-৩/১৯ (৩য় ব্যাচ) | জুন ০১, ২০১৯, শনিবার | |
| ব্যাচ-৪/১৯ (৪র্থ ব্যাচ) | আগস্ট ০২, ২০১৯, শুক্রবার | |
| ব্যাচ-৫/১৯ (৫ম ব্যাচ) | অক্টোবর ০৪, ২০১৯, শুক্রবার | |